

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.২৭.০০১.১৬. ৫৫৭

তারিখ : ২২ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ।  
০৬ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

### প্রজ্ঞাপন


যেহেতু, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার আমতলী ইউনিয়ন পরিষদের সদস্য জনাব কাকন মৃধা এর বিরুদ্ধে কোটালীপাড়া থানায় ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের বিভিন্ন ধারায় সর্বমোট ০৪ টি মামলা হয়েছে। প্রতিটি মামলায় তাকে অভিযুক্ত করে এজাহার দাখিল করা হয়েছে। এছাড়া কোটালীপাড়া থানার এফ আই আর নং-৮/৮৯ তারিখ : ০৯/০৪/২০১৭ এর অভিযোগপত্র নং-৯৩ তারিখ : ২৪/০৫/২০১৭ আদালতে প্রেরণ করা হয়েছে এবং অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, জেলা প্রশাসক, গোপালগঞ্জ কর্তৃক উক্ত সদস্যকে তাঁর স্থায়ী পদ থেকে সাময়িক বরখাস্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ সদস্যের বিরুদ্ধে বিচারাধীন মামলার অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং তাঁর কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার আমতলী ইউনিয়ন পরিষদের সদস্য জনাব কাকন মৃধা এর বিরুদ্ধে কোটালীপাড়া থানার দায়েরকৃত মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্য জনাব কাকন মৃধাকে তাঁর স্থায়ী পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.২৭.০০১.১৬. ৫৫৭

তারিখ : ২২ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ।  
০৬ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব কাকন মৃধা, সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ~~সদস্য~~, আমতলী ইউনিয়ন পরিষদ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব